

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাবতলী, বগুড়া।
(gabtali.bogra.gov.bd)

স্মারক নং - ০৫.৫০.১০৫৪.০০০.০৯.০০১.২৪- ৩৭

০৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ : -----
১৮ জানুয়ারি ২০২৪ খ্রি:

সরকারি জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের বিজ্ঞপ্তি


এতদ্বারা গাবতলী উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন (২০ একর পর্যন্ত) সরকারি জলমহালসমূহ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ বঙ্গাব্দ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের নিকট থেকে পৃথক পৃথক সীলমোহরকৃত খামে আবেদনপত্র আহবানের জন্য ডুমি মন্ত্রণালয় এর সায়রাত-১ অধিশাখা'র ০২ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-১)-৬৬২ নম্বর স্মারকের সিদ্ধান্ত মোতাবেক অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। jm.lams.gov.bd- এ প্রবেশ করে আগামী ২৩ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ হতে ১৬ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ পর্যন্ত (০৯ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ হতে ০৩ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ) সময়ের মধ্যে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন করতে হবে।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনা সিডিউলের আবেদনপত্র অনলাইনে পূরণ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদানের সময়সূচি:

বর্ষপঞ্জিকা/সিডিউল

ক্রঃ নং	তারিখ	গৃহীত কার্যক্রম
০১.	০১ মাঘ হতে ০৫ মাঘ (১৫-১৯ জানুয়ারি ২০২৪ খ্রিঃ পর্যন্ত)	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাবতলী, বগুড়া কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান।
০২.	০৯ মাঘ হতে ০৩ ফাল্গুন (২৩ জানুয়ারি -১৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ পর্যন্ত)	অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল।
০৩.	০৩ ফাল্গুনের পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১৮-২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ পর্যন্ত)	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
০৪.	১৬ ফাল্গুনের মধ্যে (২৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ মধ্যে)	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।
০৫.	২৬ ফাল্গুনের মধ্যে (১০ মার্চ ২০২৪ খ্রিঃ মধ্যে)	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
০৬.	১০ চৈত্রের মধ্যে (২৪ মার্চ ২০২৪ খ্রিঃ মধ্যে)	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
০৭.	১৭ চৈত্রের মধ্যে (৩১ মার্চ ২০২৪ খ্রিঃ মধ্যে))	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
০৮.	২৩ চৈত্রের মধ্যে (০৬ এপ্রিল ২০২৪ খ্রিঃ মধ্যে))	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন।
০৯.	১লা বৈশাখ ১৪৩১ বঃ (১৪ এপ্রিল ২০২৪ খ্রিঃ মধ্যে)	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

বর্ণিত বর্ষপঞ্জিকা/সিডিউল অনুযায়ী উপজেলা থেকে সাধারণ আবেদনে জলমহাল ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।



(নুসরাত জাহান বন্যা)

উপজেলা নির্বাহী অফিসার

গাবতলী, বগুড়া

ও

আহবায়ক

উপজেলা সরকারি জলমহাল ব্যবস্থাপনা কমিটি

গাবতলী, বগুড়া।

গাবতলী উপজেলার ১৪৩১ হতে ১৪৩৩ সাল পর্যন্ত ইজারায়োগ্য জলমহালের তালিকা

ক্রঃ নং	জলমহালের নাম	ইউনিয়নের নাম	মৌজা	দাগ নং	পরিমাণ (একর)	সরকারী ইজারা মূল্য
০১	লক্ষুরী বিল	সোনারায়	গজারিয়া	২৯১	১৫.১৮	২,৫৭,১৭৬/-
০২	উনধুরখী	গাবতলী মদর	উনধুরখী	২৯১৫	৮.৬৯	৪৮,১৫৮/-
০৩	পুটিয়ার বিল	নাড়ুয়ামালা	মোন্দপুর	৪৮৬	৬.২৪	২,৪১,২৫৬/-
০৪	হামিদপুর		হামিদপুর	৪০৩	২.২৭	১৪,০৭৫/-
০৫	সোনাকানিয়া	মহিষাবান	সোনাকানিয়া	৭৫৩	১৩.২৭	৪,৯৯,৯৯৭/-
০৬	সন্ধ্যাবাড়ি	গাবতলী সদর	সন্ধ্যাবাড়ি	১২৭	৩.২৯	৩৫,৩৮৮/-
০৭	কাণিপাড়া	মহিষাবান	কাণিপাড়া	২২৩	৪.১২	৫,৬৩৫/-
০৮	পোরিপুকুর	গাবতলী সদর	মেরু	৭৯১	৩.৬০	১০৯,৩৯৬/-
০৯	আমলিচুকাই-১	কাগইল	আমলিচুকাই	১৩৬	৬.৬৭	২৭,৭২০/-
১০	মাড়িয়া-১	মহিষাবান	মাড়িয়া	৪২৪	০.১৫	৩,৬৪৮/-
১১	মাড়িয়া-২	মহিষাবান	মাড়িয়া	৪২৯	০.২৪	৩,৬৪৮/-
১২	আমলি চুকাই-২	কাগইল	আমলিচুকাই	১৩৬	০.৪০	১৭৫২/-
১৩	ধলির বিল	নাড়ুয়ামালা	জয়ভোগা	৯১	০.৩৮	২৯,১৭৩/-
১৪	রামেশ্বরপুর	রামেশ্বরপুর	রামেশ্বরপুর	৫২০৯	০.৯২	১৯,১৪৬/-
১৫	ভ্যাবরার বিল	সোনারায়	খুপি	৩৩৪৪	১৫.৩৫	২,৯১,৭২২/-
১৬	কুশার বিল	নাড়ুয়ামালা	চককাতুলী	১২২৫	০.৯৪	১৮,২৩৪/-
১৭	সরতাজ	গাবতলী মদর	তরফসরতাজ	৩৭৪	১.২৮	৩৮,২৯০/-

Shan

১৮/০১/২৪

(নুসরাত জাহান বন্যা)

উপজেলা নির্বাহী অফিসার

গাবতলী, বগুড়া।

unogabtali@mopa.gov.bd

দূরালোপনী ০২৫৮৯-৯১০৩০১ (দপ্তর)